

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/১২ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৭-আইন/২০১৫।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ০৯ তার্দ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২৪ আগস্ট, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬৫-আইন/২০১৫ দ্বারা চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলাধীন দোহাজারী পৌরসভা গঠনের লক্ষ্যে চন্দনাইশ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনুর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করিয়া সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

(৮৯৬৩)

মূল্য : টাকা ৮.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	দোহাজারী	চাগোচর	৩২	১-৫৬৯৮
		দোহাজারী	৩৩	১-৮১০৩
		রায়জোয়ারা	৩৪	১-১০৭৩
		হাতিয়াখোলা	৩৫	১-৮৩৩
		জামিরজুরী	৩৬	১-১০০০৭
		দিয়াকুল	৪৫	১-৬৫৬৮
(২)	সাতবাড়িয়া	হাচনদিবী	৩১	১-৩৬৩১

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিষ্টুজ্জামান
সহকারী সচিব।